মেহেরপুরে তরুণ উদ্যোক্তা খুঁজতে ‘উদ্যোগ’ কর্মসূচির প্রচারণামূলক কর্মশালা

দেশজুড়ে সম্ভাবনাময় তরুণ উদ্যোক্তাদের খুঁজে বের করা, তাদের উদ্যোগ চিহ্নিত করা এবং সহজ শর্তে অর্থায়নের আওতায় আনতে মেহেরপুরে ‘উদ্যোগ (UDYOG)’ কর্মসূচির প্রচারণামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১১ নভেম্বর) বেলা ১২টার দিকে গাংনী উপজেলা পরিষদের হলরুমে এ কর্মশালার আয়োজন করা হয়।

‘উদ্যোগ (UDYOG)’ উপজেলাভিত্তিক তরুণ উদ্যোক্তা অনুসন্ধান, চিহ্নিতকরণ ও অর্থায়ন কর্মসূচির আওতায় আয়োজিত এ কর্মশালায় তরুণ ও সম্ভাবনাময় উদ্যোক্তাদের ব্যবসায়িক উদ্যোগ সম্পর্কে ধারণা দেওয়া হয়। পাশাপাশি নতুন উদ্যোক্তা সৃষ্টি এবং প্রয়োজনীয় অর্থায়নের মাধ্যমে তাদের স্বাবলম্বী করে তোলার বিষয়ে আলোচনা করা হয়।

কর্মশালায় লিড ব্যাংক যমুনা ব্যাংক পিএলসির গাংনী শাখার ব্যবস্থাপক মো. জিয়াউর রহমান স্বাগত বক্তব্য দেন। বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম পরিচালক আশেক বিল্লাহ।

কর্মসূচিতে লিড ব্যাংক হিসেবে যমুনা ব্যাংক দায়িত্ব পালন করছে। এ সময় উপজেলা পর্যায়ে কার্যরত সব তফসিলি ব্যাংকের শাখা ব্যবস্থাপকেরা উপস্থিত ছিলেন।